

মোর বীণা ওঠে কোন্ সুরে বাজি কোন্ নব চঞ্চল ছন্দে ।
মম অন্তর কম্পিত আজি নিখিলের হৃদয়স্পন্দে ॥
আসে কোন্ তরুণ অশান্ত, উড়ে বসনাঞ্চলপ্রান্ত,
আলোকের নৃত্যে বনান্ত মুখরিত অধীর আনন্দে ।
অম্বরপ্রাঙ্গণমাঝে নিঃস্বর মঞ্জীর গুঞ্জে ।
অক্ষত সেই তালে বাজে করতালি পল্লবপুঞ্জে ।
কার পদপরশন-আশা তূণে তূণে অর্পিল ভাষা,
সমীরণ বন্ধনহারা উন্মন কোন্ বনগঞ্জে ॥

Parjaay: Prakriti / Basanta, Taal: Kaharwa, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail